বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

চৈত্র ২৫, ১৪২০ বঙ্গাব্দ।
এফইআইডি সার্কুলার পত্র নং ঃ ০২/২০১৪ তারিখঃ ----------------------
এপ্রিল ০৮, ২০১৪ খ্রিস্টাব্দ।

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ ধারার আওতায় অনুমোদন
গ্রহণ সংক্রান্ত আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি on-line এ দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৩/০৪/২০১৩ তারিখের এফইআইডি সার্কুলার পত্র নং-০৫/২০১৩ এর প্রতি সংশ্লিষ্ট সকল পক্ষের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার পত্রের মাধ্যমে স্থানীয় কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অনিবাসী প্রিন্সিপালের পক্ষে স্থানীয় এজেন্ট হিসেবে কার্যক্রম পরিচালনা করার জন্য বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এর ১৮এ ধারার আওতায় অনুমতি গ্রহণের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকের সকল এডি শাখাসমূহকে প্রচলিত পদ্ধতিতে ০২/০৪/২০১৪ তারিখ পর্যন্ত Hardcopy'র পাশাপাশি on-line এ আবেদন করতে হবে এবং ০৩/০৪/২০১৪ তারিখ হতে Hardcopy তে আর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না; সকল আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি শুধুমাত্র on-line এ প্রেরণ করতে হবে মর্মে নির্দেশনা জারি করা হয়।

কিছু সংখ্যক ব্যাংকের সামর্থ্যের সীমাবদ্ধতা বিবেচনায় নিয়ে উপরোল্লিখিত অনুমোদন গ্রহণের লক্ষ্যে Hardcopy'র পাশাপাশি on-line এ আবেদন দাখিলের পূর্বোল্লোখিত সময়সীমা ০২/০৪/২০১৪ তারিখ হতে ০৬ (ছয়) মাস অর্থাৎ ০২/১০/২০১৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উল্লেখ্য, সার্কুলার পত্রটিতে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/ঃ
(মোঃ আজিজুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৫১।